Term - I (Half-Yearly) Examination - 2021-22

Class - IX

Sub - Bengali

Time : 3 Hrs. Full Marks : 80

The figures in the margin indicate full marks

ক-বিভাগ

১। নিচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাওঃ ১×১০=১০

কে জানত, একদিন হঠাৎ ওদের দেখা হবে, ওদের বন্ধুত্ব হবে। ওদের আকাশে উড়িয়ে যুদ্ধ হবে প্যাঁচ খেলার। একটা আর একটার ঘাড়ে গোত মেরে যখন সুতোয় জড়িয়ে লাট খাবে। তখন চিৎকার করবে মানুষ আনন্দে! হ্যাঁ, ওরা দুটি ঘুড়ি। একটার নাম চাঁদিয়াল, আর একটা পেট কাটা।

কে না দেখেছে, একটি বীজ মাটিতে পুঁতলে, তার থেকে কেমন করে গাছ জন্ম নেয়। গাছটি ধীরে ধীরে সবুজ পাতা ছড়িয়ে হাওয়ায় দোলে। ফুলের কুঁড়ি উঁকি মারে, ফুল ফোটে।

আবার দ্যাখো, ওই যে গাছে পাখির বাসা, মা পাখি বাসায় বসে তার ডিমে কেমন তা দিচ্ছে। দিতে দিতে ফুট করে যেই ডিম ফুটছে, ছানাপোনা কিচির মিচির ডাক দিয়ে বেরিয়ে পড়ছে। বেরিয়েই হাঁ করে মুখ তুলছে আকাশে, খাবার চাইছে মায়ের কাছে। তারা বড়ো হবে, একদিন আকাশে ডানা মেলে তারা উড়বে।

ক) 'ওদের' বলতে কাদের কথা বলা হয়েছে?

খ) মানুষ কেন চিৎকার করছিল?

গ) বীজ থেকে কী জন্ম নেয়?

ঘ) গাছটির কী হাওয়ায় দোলে?

ঙ) কীসের কুঁড়ি উঁকি মারে?

চ) গাছে কীসের বাসা দেখা যায়?

ছ) ডিমে কে তা দিচ্ছে?

https://www.tripuraboard.com

জ) ডিম ফুটছিল কীভাবে?

ঝ) কিচিরমিচির ডাক দিয়ে কারা বেরিয়ে পড়ছে?

ঞ) তারা কার কাছে খাবার চাইছে?

খ - বিভাগ

সঠিক উত্তরটি নির্বাচন করে লেখোঃ ১×১৬=১৬

২) 'লবকুশের যজ্ঞাশ্ব বন্ধন' নামক কাব্যাংশের উৎস —

অ) 'শ্রী রাম পাঁচালি' আ) 'মনসামঙ্গল কাব্য'
ই) 'পথের পাঁচালি' ঈ) 'অন্নদামঙ্গল কাব্য'

৩) চিত্রকূট পর্বতে তপস্যা করতে গিয়েছিলেন —

অ) বিশ্বামিত্র মুণি আ) বশিষ্ট
ই) বাল্মীকি ঈ) দ্রোনাচার্য

৪) 'পবন' শব্দের অর্থ —

অ) আকাশ আ) সূর্য
ই) জল ঈ) বায়ু

৫) রাজা দশরথ ছিলেন —

অ) অযোধ্যার রাজা আ) মিথিলার রাজা
ই) হায়দ্রাবাদের রাজা ঈ) কর্ণাটকের রাজা

৬) বঙ্গমাতার সন্তানের সংখ্যা —

অ) আট কোটি আ) দশ কোটি
ই) পাঁচ কোটি ঈ) সাত কোটি

৭) 'বঙ্গমাতা' কবিতাটি লিখেছেন —

অ) রবীন্দ্রনাথ ঠাকুর আ) জয় গোস্বামী
ই) শঙ্খ ঘোষ ঈ) পূর্ণেন্দু পত্রী

https://www.tripuraboard.com

৮) 'স্নেহার্ত' সম্বোধন করা হয়েছে —

অ) বনভূমিকে আ) বঙ্গভূমিকে

ই) মনোভূমিকে ঈ) পুণ্যভূমিকে

৯) 'পুণ্য' শব্দের বিপরীত শব্দ হল —

অ) পাপ আ) শাপ

ই) দুঃখ ঈ) বিরহ

১০)'——— তাহাদের গা দিয়া ঘাম ঝরিতে লাগিল'—

অ) বসন্তকালে-ও আ) শীতকালে-ও

ই) গ্রীষ্মকালে-ও ঈ) বর্ষাকালে-ও

১১)অপু দেখতে চেয়েছিল —

অ) ট্রামের রাস্তা আ) বাসের রাস্তা

ই) রেলের রাস্তা ঈ) এদের কোনোটিই নয়

১২)দুর্গার বাবার নাম —

অ) রামহরি আ) হরিভক্ত

ই) হরিকমল ঈ) হরিহর

১৩) খেজুর গুড় বোঝাই করে আষাঢুর হাটে যাচ্ছিল —

অ) গরুর গাড়ি আ) ঘোড়ার গাড়ি

ই) জীপ গাড়ি ঈ) ঠেলা গাড়ি

১৪) অভাগীর কুটির প্রাঙ্গনে ছিল —

অ) একটি আমগাছ আ) একটি বেলগাছ

ই) একটি নিম গাছ ঈ) একটি তেঁতুল গাছ

১৫) গ্রামে নাড়ি দেখতে জানতো —

অ) ঈশ্বর নাপিত আ) রসিক দুলে

ই) ঠাকুরদাস মুখোপাধ্যায় ঈ) দারোয়ানজি

১৬)অভাগী কার হাতের আগুনটুকু চেয়েছিল —

অ) ছেলের হাতের আ) স্বামীর হাতের

ই) মায়ের হাতের ঈ) এদের কারোরই নয়

১৭)মুখোপাধ্যায় গিন্নী মারা গিয়েছিলেন —

অ) নয়দিনের জ্বরে আ) সাতদিনের জ্বরে

ই) পাঁচদিনের জ্বরে ঈ) আটদিনের জ্বরে

এক-একটি পূর্ণাঙ্গ বাক্যে নীচের প্রতিটি প্রশ্নের উত্তর দাওঃ ১×১২=১২

১৮)অশ্বমেধ যজ্ঞের আয়োজন কে করেছেন?

১৯)যজ্ঞের চারিদিকে আমন্ত্রিত অতিথি হিসাবে কোন্ কোন্ দেবতারা উপস্থিত ছিলেন?

২০)ঘোড়া বেঁধে মায়ের কাছের গিয়ে দুই ভাই কী 'ভোজন' করলো?

২১)দেশ-দেশান্তরে কী খুঁজে নিতে বলা হয়েছে?

২২)'উত্থান' শব্দের বিপরীত শব্দ লেখো।

২৩)'গৃহক্রোড়ে' কথার অর্থ কী?

২৪)রাখালেরা কোথায় গরুকে জল খাওয়াতে আসতো?

২৫)কে টের পেলে পিঠের ছাল তুলবে?

২৬)অক্রুর মাঝি কী পাততে যেত?

২৭)কাঙালির মায়ের নাম কেন অভাগী রাখা হয়েছিল?

২৮)কবিরাজ এসে অভাগীর চিকিৎসার জন্য কয়টি বড়ি দিয়েছিলেন?

২৯)'এখন আর খিদে নেই'—উক্তিটি কার?

https://www.tripuraboard.com

গ - বিভাগ

নিম্নে উল্লিখিত প্রশ্নগুলোর উত্তর দাওঃ ৪×৪=১৬

৩০) অ) সন্ধি বিচ্ছেদ করোঃ ১×২=২

প্রত্যেক, দিঙ্‌নাগ

আ) সন্ধি করোঃ ১×২=২

ছোট + দি =

পরি + ঈক্ষা =

৩১) অ) অনুসর্গটি খুঁজে বার করোঃ— ১

আমি লাঠির দ্বারা সাপটাকে মেরেছি।

আ) বিভক্তিটি চিহ্নিত করে লেখো ঃ— ১

রামকে বইটি দাও।

ই) অনুসর্গের দুটো বৈশিষ্ট্য লেখো। (১+১=২)

৩২) অ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো ঃ— ১×২=২

কর্মনিপুণ, হাসি-তামাসা

আ) সমাসবদ্ধ পদটি কী হবে লেখো ঃ— ১×২=২

মাঠে ও ময়দানে, তপের নিমিত্ত বন

৩৩) অ) একপদে পরিণত করো ঃ— ১

অতি দীর্ঘ নয়

আ) দুটি সংস্কৃত উপসর্গ লেখো। ১

ই) আ, কু — এই উপসর্গগুলির যোগে একটি করে শব্দ তৈরি করো।

(১ + ১) = ২

https://www.tripuraboard.com

ঘ - বিভাগ

নিচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাওঃ ২×৮ = ১৬

৩৪)‘লক্ষ লক্ষ শুভ্র বস্ত্র’ কাদের হাতে কেন দেওয়া হয়েছিল?

৩৫)তপোবন রক্ষার দায়িত্ব কাদের দেওয়া হয়েছিল এবং কেন?

৩৬)কাদের কোথায় চিরশিশু করে না রাখার কথা বলা হয়েছে?

৩৭)কোন কোন বিষয়ের সঙ্গে কীভাবে সংগ্রাম করতে হবে?

৩৮)“ ক্যাঙলার মার মতো সতী-লক্ষ্মী আর দুলে পাড়ায় নেই” — কে কাকে একথা বলেছে?

৩৯)রসিক বাঘ কেন হতবুদ্ধির মত দাঁড়িয়েছিল?

৪০)ছোটবেলা থেকে অপুর বেড়ে ওঠা গ্রামের কোন অঞ্চলের মধ্যে সীমাবদ্ধ ছিল? https://www.tripuraboard.com

৪১)কোথায় গিয়ে অপু ও দুর্গা পথ হারিয়ে ফেলল?

নিচের প্রশ্নগুলির উত্তর দাওঃ ৫ × ২ = ১০

৪২)“রেখেছে বাঙালি করে মানুষ করনি।”

অ) উদ্ধৃতাংশের উৎস লেখো।

আ) কাদের সম্পর্কে কবির এই উক্তি?

ই) তাঁর এরকম ভাবনার কারণ কী? ১+১+৩=৫

অথবা

)“জয়পত্র দেখি দুই ভাই কোপে জ্বলে”

অ) ‘জয়পত্র’ কী?

আ) এখানে কোন দুই ভাই-এর কথা বলা হয়েছে?

ই) তাদের ‘কোপে’ জ্বলার কারণ কী? ১+২+২=৫

https://www.tripuraboard.com

৪৩) "অচেনার আনন্দকে পাইতে হইলে পৃথিবী ঘুরিয়া বেড়াইতে হইবে, তাহার মানে নাই"।

অ) কে, কোন প্রসঙ্গে এই উক্তি করেছেন?

আ) তাঁর এই উক্তি তোমার কাছে কতটা গ্রহণযোগ্য বলে মনে হয়?

২+৩=৫

অথবা

" এই ঘন্টা দুয়েকের অভিজ্ঞতায় সংসারে সে যেন একেবারে বুড়া হইয়া গিয়াছিল।"

অ) এটি কোন গল্পের অংশ?

আ) 'সে' বলতে কাকে বোঝানো হয়েছে?

ই) তার অভিজ্ঞতার সংক্ষিপ্ত বর্ণনা দাও। ১+১+৩=৫

---

https://www.tripuraboard.com